

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



2023-24 শিক্ষা বছরে স্বাগতম!

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমি সবসময়ই বলেছি যে সেপ্টেম্বর আর ক্লাসের প্রথম উদ্দীপনাময় সপ্তাহের সাথে কোনোকিছুর তুলনা হয়না—যে সময়টিতে আমি পাঁচ বরো জুড়ে বিভিন্ন স্কুল পরিদর্শন করার, পিতামাতাদের সাথে সাক্ষাৎ করার, এবং শিক্ষার্থী ও শিক্ষকদের স্বাগত জানাবার সুযোগ পাই।

এই বছরটিতেও ব্যতিক্রম হয়নি - আমি সিটির বিভিন্ন স্থান পরিদর্শন করার সময় শিক্ষার্থীদেরকে নতুন সহপাঠীদের সাথে মিলিত হতে দেখে, তাদের কৌতূহল ও সৃজনশীলতাকে ব্যবহার করতে দেখে, এবং তাদের প্রতিভা ও অনন্য সক্ষমতা প্রদর্শন করতে দেখে আকাশে-বাতাসে বিদ্যুতের তরঙ্গ অনুভব করেছি।

ব্রংক্সের [P.S. 121 দ্যা থ্রুপ স্কুল](#), সকল শিক্ষার্থীকে দক্ষ পাঠক হয়ে বড় হবার যুগান্তকারী উদ্যোগ [NYC রিডস্](#) -এর প্রথম দিন উদযাপন করেছি। এই উদ্যোগের প্রথম ধাপে অংশগ্রহণকারী স্কুলগুলোর একটি হচ্ছে এই P.S. 121, যা "পড়া বা রিডিং বিষয়ক বিজ্ঞান"-এর শেকড়ে গাঁথা নব্য, প্রমাণ-ভিত্তিক পাঠ্যক্রম ব্যবহার করছে। ছেলেমেয়েদের আত্মবিশ্বাসী পাঠক হতে শেখানোর প্রমাণিত পদ্ধতি—ধ্বনিতত্ত্ব দিয়ে শিক্ষা-নির্দেশনা সম্পূরক করা হয়েছে।

এরপর আমি কুইন্সের [I.S. 192 দ্যা লিনডেন](#) -এ থেমেছি, যেখানে আমি নতুনভাবে [উন্নত করা ক্যাফেটেরিয়া](#) পরিদর্শন করেছি। দীর্ঘ লাইনে অপেক্ষা করার পরিবর্তে, শিক্ষার্থীরা দ্রুত তাদের খাবার নিয়ে যেতে পারে; ফলশ্রুতিতে নব উদ্যম অর্জনে তারা বন্ধুদের সাথে অধিক সময় ব্যয় করতে পারে। এছাড়াও, খাদ্য পরিষেবা প্রদানকারী কর্মীগণ যারা রোস্টেড চিকেন ড্রামস্টিক, কনফেটি কর্ন, বাটারমিক্স বিস্কিট, এবং লেমন আরুণ্ডলা সালাদ সহ একটি সুস্বাদু লাঞ্চ মেন্যু প্রস্তুত করেছেন, তাদের অভিবাদন জানাতে কিচেন পরিদর্শন করেছি।

আরেকটি উল্লেখযোগ্য বিষয় ছিল আমার হারলেম-এর [P.S. 125 রালফ বাঞ্চ](#) পরিদর্শন, যেখানে আমি একদল উৎসাহী কিডারগার্টেনের শিক্ষার্থীদের জন্য একটি স্টোরি টাইম (গল্প বলার সময়) পরিচালনা করেছি।

সাক্ষরতা প্রকৃতপক্ষেই সকল শিক্ষার ভিত্তি এবং আমাদের শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের পথ-পরিক্রমা মুক্ত করার জন্য অপরিহার্য। আমরা আমাদের শিক্ষার্থীদের সফলতার জন্য প্রস্তুত করছি তা নিশ্চিত করতে, এই বছর আমরা আমাদের লক্ষ্য: 'প্রতিটি শিক্ষার্থীকে দৃঢ়ভাবে গুরুত্ব সুযোগ...এবং একটি উজ্জ্বল ভবিষ্যতের সুস্পষ্ট পথ-পরিক্রমা অফার করার' প্রতি দ্বিগুণ জোর দিচ্ছি। এর অর্থ হচ্ছে বছরব্যাপী বস্তুনিষ্ঠ শিক্ষায়তনিক, সমৃদ্ধিমূলক খেলাধুলা ও আর্টস কর্মসূচি, স্কুলে পুষ্টিকর ও সুস্বাদু খাবার, নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ক্লাসরুম, এবং আরো অনেক কিছু।

তাদের ভবিষ্যৎ কলেজ, কারিগরি বা টেকনিক্যাল কলেজ, অথবা কোনো শিক্ষানবিশী (অ্যাপ্রেন্টিসশিপ) যাই থাকুক না কেন, সকল শিক্ষার্থী যেন [দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা অর্জনের পরিকল্পনা](#) সহ গ্র্যাজুয়েট হয়—এবং তাদের পূর্ণ সম্ভাবনা এবং সুযোগের প্রতিটি দুয়ার খোলা তা উন্মোচন করার জন্য প্রয়োজনীয় সকল উপকরণ, সংস্থান, এবং সহায়তা পায় আমরা তা নিশ্চিত করবো।

শিক্ষায়তনিক নিয়ম-নীতি এবং স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতির হালনাগাদকৃত তথ্যের পাশাপাশি আরো অনেক কিছু সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য আপনি schools.nyc.gov/bts2023 -এ খুঁজে পেতে পারেন। একটি মুদ্রণযোগ্য ব্যাক টু স্কুল যাচাই-তালিকা (চেকলিস্ট) ডাউনলোড করতে, অনুগ্রহ করে schools.nyc.gov/btschecklist দেখুন।


আমি জানি এটি সত্যিই একটি অসাধারণ শিক্ষা বছর হতে যাচ্ছে এবং সেপ্টেম্বরে সেটাই সবেমাত্র শুরু হচ্ছে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ বেছে নেয়ার জন্য ধন্যবাদ। আপনাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ। এই বছর আমরা যে চমৎকার বিষয়সমূহ একসাথে সম্পন্ন করবো তা নিয়ে আমি উদ্বীণ।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও



এবং এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

আপনি যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব করুন](#)।